



জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে ১১ দলীয় জোটের কর্মসূচি ঘোষণা



১১ দলীয় ঐক্য জোটের নতুন কর্মসূচি ঘোষণা। ছবি: সংগৃহীত

গণভোটের রায় কার্যকর এবং জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে রাজধানীতে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে ১১ দলীয় ঐক্য জোট। আগামী শনিবার (৪ এপ্রিল)

বিকালে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হবে।

বৃহস্পতিবার (২ এপ্রিল) গুলশানে বৈঠক শেষে সংবাদ ব্রিফিংয়ে সমন্বয়ক হামিদুর রহমান আজাদ বলেন, সরকার সংসদ পরিচালনায় ব্যর্থ এবং জনস্বার্থ উপেক্ষা করেছে। তার অভিযোগ, বর্তমান শাসনব্যবস্থা ধীরে ধীরে কর্তৃত্ববাদী পথে এগোচ্ছে, তাই রাজপথের আন্দোলন ছাড়া বিকল্প নেই।

তিনি আরও বলেন, সংবিধান সংশোধনের পরিবর্তে প্রয়োজন মৌলিক সংস্কার। জনগণের রায় উপেক্ষা করা হলে আন্দোলন আরও জোরদার হবে বলেও জানান তিনি। একই সঙ্গে জুলানি সংকট মোকাবেলায় সরকারের ব্যর্থতার সমালোচনা করেন এবং সতর্ক করেন—গণভোট বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ না এলে ৭ এপ্রিল বৈঠক করে দীর্ঘমেয়াদি কর্মসূচি ঘোষণা করা হবে।

LENS ASIA